গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, মোংলা
ই-মেইল : monglacustoms@gmail.com

# একনজরে নিলাম প্রক্রিয়া

- ✓ **নিলামযোগ্যতাঃ** The Customs Act, 1969 এর ধারা ৮২ ধারানুযায়ী- কাস্টমস-বন্দর অথবা ল্যান্ড কাস্টমস-স্টেশনে পণ্য নামানোর তারিখ হতে ত্রিশ দিনের মধ্যে অথবা কাস্টমস-বিমান বন্দরে পণ্য নামানোর তারিখ হতে একুশ দিনের মধ্যে অথবা যথোপযুক্ত কর্মকর্তা যেরূপ অনুমতি প্রদান করেন সেরূপ বর্ধিত সময়ের মধ্যে পণ্যচালান এন্ট্রি এবং খালাস গ্রহণ করা না হয় তাহলে উক্ত পণ্যচালান নিলামযোগ্য হয়।
- ✓ **Removal List (RL) ঃ** জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং- ৯৩/২০১৯/কাস্টমস, তারিখঃ ২০.০৬.২০১৯ এর অনুচ্ছেদ (৭)(খ)(আ)(ii) মোতাবেক প্রতিমাসে অখালাসকৃত নিলামযোগ্য পণ্যের একটি তালিকা Removal List (RL) বন্দর কর্তৃপক্ষ কাস্টমস কর্তৃপক্ষকে সরবরাহ করে থাকেন।
- ✓ **CNI জারীঃ** জাতীয় রাজস্ব বোর্ডের স্থায়ী আদেশ নং- ৯৩/২০১৯/কাস্টমস, তারিখঃ ২০.০৬.২০১৯ এর অনুচ্ছেদ ৬ মোতাবেক গঠিত নিলাম কমিটি বন্দর হতে প্রাপ্ত অখালাসকৃত পণ্যচালানের তালিকা Removal List (RL) হতে একই স্থায়ী আদেশ অনুচ্ছেদ (৭)(১)(i) অনুযায়ী নিলামযোগ্য পণ্য নির্ধারণ করেন। তালিকায় উল্লিখিত পণ্যচালান খালাস গ্রহণের জন্য কাস্টমস কর্তৃপক্ষ সংশ্লিষ্ট আমদানিকারক বা রপ্তানিকারককে ১০ দিনের সময় দিয়ে নোটিশ (CNI) জারী করা হয়। উক্ত সময়ের মধ্যে পণ্য খালাস না নিলে পণ্য নিলামযোগ্য হয়।
- ✓ **ইনভেন্ট্রিঃ** স্থায়ী আদেশ অনুচ্ছেদ (৭)(১)(ii) অনুযায়ী লটভূক্ত পণ্যের মূল্য নির্ধারণের লক্ষ্যে এর গুণগত মান, পরিমাণ ইত্যাদি পরীক্ষা করে প্রতিবেদন প্রদানের জন্য নিলাম শাখার দায়িত্বপ্রাপ্ত রাজস্ব কর্মকর্তা ও সহকারী রাজস্ব কর্মকর্তা ক্ষেত্রবিশেষে অন্যান্য কর্মকর্তার সমন্বয়ে এক বা একাধিক ইনভেন্ট্রি টিম গঠন করা হয়। গঠনকৃত টিমের প্রতিবেদনের আলোকে নিলামের লট তৈরী করা হয়।
- ✓ **সংরক্ষিত মূল্য নির্ধারণঃ** স্থায়ী আদেশ অনুচ্ছেদ (৭)(খ)(আ)(V) মোতাবেক- নিলামযোগ্য পণ্যের সংরক্ষিত মূল্য নির্ধারণের জন্য সংশ্লিষ্ট কমিশনার নিলাম কমিটির আহবায়কের নেতৃত্বে "সংরক্ষিত মূল্য নির্ধারণ কমিটি" গঠন করা হয়। কমিটি ইনভেন্ট্রিকৃত/কায়িক পরীক্ষিত পণ্যের শুল্কায়নযোগ্য মূল্য, প্রযোজ্য শুল্ককরাদি, নিলাম চার্জ এবং ক্ষেত্র বিশেষে পণ্যের গুনগত মান বিবেচনায় যথাযথ পরিমাণ অবচয় প্রদান করে সংরক্ষিত মূল্য নির্ধারণ করেন।
- ✓ **ক্যাটালগ তৈরীঃ** স্থায়ী আদেশ অনুচ্ছেদ (৭)(১)(iii) মোতাবেক ইনভেন্ট্রিকৃত লটের পণ্য বিক্রির উদ্দেশ্যে কমিশনারের অনুমোদনক্রমে নিলামকারী নিলামের তারিখ ও সময় নির্ধারণ করেন। উক্ত তারিখের পর্যাপ্ত সময় পূর্বে লটগুলো নিলামের ক্যাটালগভূক্ত করার জন্য নিলামকারীকে সরবরাহ করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে নিলামকারী একটি ক্যাটালগ তৈরী করেন।

- ✓ **নিলাম বিজ্ঞপ্তিঃ** নিলাম পরিচালনাকারী কর্তৃপক্ষের নির্দেশক্রমে নিলামকারী নিলাম অনুষ্ঠানের কমপক্ষে ০৭(সাত) কার্যদিবস পূর্বে ২(দুই) টি জাতীয় দৈনিকে এবং ১(এক)টি স্থানীয় দৈনিকে নিলাম বিজ্ঞপ্তি প্রচার করেন। এছাড়াও কাস্টম হাউসের নিজস্ব ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রচার করা হয়। বিজ্ঞপ্তিতে নিলাম অনুষ্ঠানের তারিখ, ক্যাটালগ প্রদানের তারিখ ও ক্যাটালগ মূল্য, পরিদর্শনের তারিখ ও সময়, জামানতের পরিমাণ ও সময় ইত্যাদি উল্লেখ থাকে। পণ্য পরিদর্শনের তারিখ নিলাম অনুষ্ঠানের কমপক্ষে ২(দুই) কার্যদিবস আগে হতে হবে।
- ✓ **নিলামযোগ্য পণ্যের জামানতঃ** দরপত্রে দরদাতা কর্তৃক উদ্ধৃত মূল্যের অন্যূন ১০% দরপত্রের জামানত হিসেবে দরপত্র দাখিলের সময় পে-অর্ডার বা অন্য কোন মাধ্যমে জমা দিতে হয়। নিলাম কার্যক্রম শেষে উক্ত জামানত ফেরত বা সমন্বয় করা হয়।
- ✓ **পণ্য পরিদর্শনঃ** বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখ ও সময়ে নিলামকারী নিলাম শাখার সহকারী রাজস্ব কর্মকর্তা ও বন্দর কর্তৃপক্ষের প্রতিনিধির সহযোগিতায় আগ্রহী ক্রেতাদের লটভূক্ত পণ্য পরিদর্শনের ব্যবস্থা করেন।
- ✓ **নিলাম অনুষ্ঠানঃ** নিলামে অংশগ্রহণকারীদের জামানতসহ দরপত্র দাখিলের জন্য সংশ্লিষ্ট কাস্টমস অফিস ছাড়াও নিকটস্থ একাধিক সরকারি অফিসে নিলাম বাক্স স্থাপন করা হয়। দরপত্র দাখিলের নির্ধারিত সময় শেষে দ্রুততার সাথে নিলামকারী সকল নিলাম বাক্স সিলগালা করে নিলাম পরিচালনা কর্তৃপক্ষের নিকট নিয়ে আসেন। অতপত্রঃ নিলাম পরিচালনা কর্তৃপক্ষ কর্তৃক নিলামে অংশগ্রহণকৃত উপস্থিত ব্যক্তিদের সামনে বাক্স খুলেন। প্রতিটি লটের বিপরীতে প্রাপ্ত দরমূল্য সাজিয়ে একটি শিট তৈরী করা হয়।
- ✓ **নিলাম কমিটির সুপারিশঃ** নিলাম কমিটি সংরক্ষিত মূল্য ও প্রাপ্ত দরমূল্য যাচাই করে নিলাম অনুমোদন বা প্রত্যাখান বিষয়ে কমিশনারের নিকট সুপারিশ করেন। প্রথম নিলামে কোন লটে সংরক্ষিত মূল্যের ৬০% দরপত্র মূল্য পাওয়া গেলে বিক্রয়ের সুপারিশ করা যাবে। ৬০% এর নিচে সর্বোচ্চ দরদাতাকে কমপক্ষে ৬০% মূল্যে সংশ্লিষ্ট লটের পণ্য ক্রয়ের জন্য অফার প্রদান করা যাবে। প্রথম নিলামে ৬০% দরপত্র মূল্য না পাওয়া গেলে দ্বিতীয় নিলামে তুলতে হবে। দ্বিতীয় নিলামে প্রথম নিলাম অপেক্ষা বেশি দর পাওয়া গেলে পণ্য বিক্রির সুপারিশ করা যাবে।
- ✓ **বিক্রয় অনুমোদনঃ** নিলাম কমিটির সুপারিশ বিবেচনায় কমিশনার মহোদয় নিলাম-বিক্রয় অনুমোদন করেন অথবা আইনানুগ ভিন্নতর সিদ্ধান্ত প্রদান করেন। নিলাম অনুষ্ঠানের ১০(দশ) কার্যদিবসের মধ্যে বিক্রয় অনুমোদন সম্পন্ন করতে হয়। যৌক্তিক কারণে কমিশনার উক্ত সময়সীমা আরও ০৫(পাঁচ) কার্যদিবস বৃদ্ধি করতে পারেন।
- ✓ **অনুমোদিত লট অবহিতকরণঃ** বিক্রয় অনুমোদনপ্রাপ্ত লটসমূহের তালিকা সংশ্লিষ্ট কাস্টম হাউস/কমিশনারেটের নোটিশ বোর্ডে টাঙাতে হয়। একই সাথে উক্ত তালিকা কাস্টম হাউস/কমিশনারেটের ওয়েবসাইটে প্রকাশ করা হয়।
- ✓ **অনুমোদিত লটের পণ্য হস্তান্তরঃ** বিক্রয় অনুমোদন কাস্টম হাউস/কমিশনারেটের নোটিশ বোর্ডে বা ওয়েবসাইটে প্রকাশিত হওয়ার তারিখ হতে ১২(বার) কার্যদিবসের মধ্যে নিলাম বিজয়ীকে মূল্য পরিশোধ পূর্বক (প্রযোজ্য অগ্রিম আয়কর ও মূসকসহ) সংশ্লিষ্ট পণ্য খালাস গ্রহণ করতে হয় । ক্রেতার আবেদনের প্রেক্ষিতে কমিশনার মহোদয় অতিরিক্ত ০৭(সাত) দিন সময় বৃদ্ধি করতে পারেন। বর্ধিত সময়ের মধ্যেও নিলামক্রেতা পণ্য গ্রহণ না করলে বিক্রয় অনুমোদন বাতিল করে নিলামক্রেতার জামানত রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করে উক্ত পণ্য পুনরায় নিলাম প্রক্রিয়া গ্রহণ করা হয়।

- ✓ **নিলাম প্রাপ্ত অর্থ বন্টনঃ** নিলামে প্রাপ্ত অর্থ The Customs Act, 1969 এর ধারা ২০১ বিধান অনুসারে বন্টিত হয়; যথা-

  ক) প্রথমত, বিক্রয়ের ব্যয় সমূহ পরিশোধ করা হয়;

  খ) অতঃপর, পণ্যের উপর প্রদেয় ফ্রেইট অথবা অন্যান্য চার্জসমূহ যদি থাকে, পরিশোধ করতে, যদি পণ্যের হেফাজতকারী ব্যক্তির নিকট উক্ত চার্জ সমূহ সম্পর্কে নোটিশ প্রদান করা হয়ে থাকে;

  গ) অতঃপর, উক্ত পণ্যের উপর সরকারকে প্রদেয় কাস্টমস-শুল্ক, অন্যান্য কর এবং পাওনা পরিশোধ করা হয়;

  ঘ) অতঃপর, উক্ত পণ্য হেফাজত রক্ষাকারী ব্যক্তির পাওনা চার্জসমূহ পরিশোধ করা হয়;

  অবশিষ্ট, যদি থাকে, পণ্যের মালিককে প্রদান করা হয়। তবে শর্ত থাকে যে, পণ্যের মালিকে উক্ত পণ্য বিক্রয়ের ছয় মাসের মধ্যে আবেদন করতে হবে।